সমকাল

তারিখ ... 28 MAY 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩

# শিক্ষা আইন হতে হবে ইসলামভিত্তিক

## —— চরমোনাইর পীর

■ সমকাল প্রতিবেদক

খসড়া শিক্ষা আইন-২০১৬ বাতিলের দাবি জানিয়েছে চরমোনাই পীরের নেতৃত্বাধীন দল ইসলামী আন্দোলন। গতকাল শুক্রবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে দলটির জাতীয় সমাবেশ থেকে ইসলামভিত্তিক শিক্ষা আইন প্রণয়নের দাবি জানানো হয়। খসড়া শিক্ষা আইনের প্রতিবাদে এ সমাবেশে আয়োজন করা হয়।

জুমার নামাজের আগে থেকেই সোহরাওয়ার্দী উদ্যান সংলগ্ন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের ফটকে ইসলামী আন্দোলনের নেতাকর্মীরা জমায়েত হন। এতে মৎস্য ভবন থেকে শাহবাগমুখী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। আশপাশের এলাকায়ও যানজটের সৃষ্টি হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন ইসলামী আন্দোলনের আমির চরমোনাইর পীর মুফতি সৈয়দ রেজাউল করীম। তিনি খসড়া শিক্ষা আইনের কড়া সমালোচনা করে বলেন, পাঠ্যপুস্তক থেকে মহানবী (সা.)-এর জীবনী ও বিদায় হজের ভাষণ বাদ দেওয়া হয়েছে।

চলমান ইউপি নির্বাচনে ভয়াবহ কারচুপি হচ্ছে দাবি করে মুফতি রেজাউল করীম বলেন, সরকার নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে।

সমাবেশে বক্তৃতা করেন ইসলামী আন্দোলনের প্রেসিডিয়াম সদস্য মাওলানা সৈয়দ মোসাদ্দেক বিল্লাহ আল মাদানী, নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম, মাওলানা আবদুল আউয়াল, আবদুল হক আজাদ, প্রেসিডিয়াম সদস্য মাওলানা নূরুল হুদা ফয়েজী, মহাসচিব মাওলানা ইউনূছ আহমাদ প্রমুখ।